মুজিবনগরে গলায় ফাঁস দিয়ে কলেজ শিক্ষার্থীর আত্মহত্যা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রামনগর গ্রামে নাছিম রেজা (২০) নামে এক কলেজ শিক্ষার্থী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।
মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুরে উপজেলার মোনাখালী ইউনিয়নের রামনগর গ্রামে তার নিজ বাড়িতে এ ঘটনা ঘটে।

নিহত নাছিম রেজা একই গ্রামের তৌফিক আলীর ছেলে এবং মেহেরপুর পৌর ডিগ্রি কলেজের এইচএসসি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

পারিবারিক সূত্রে জানা যায়, মঙ্গলবার দুপুরে নাছিম নিজ ঘরের দরজা বন্ধ করে ফ্যানের সঙ্গে গলায় রশি দিয়ে আত্মহত্যা করে। কিছুক্ষণ পর তার দাদি রজিফা খাতুন ঘরের ভেতরে তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে চিৎকার করেন। পরে প্রতিবেশী ও স্বজনরা এসে দরজা ভেঙে তাকে উদ্ধার করে দ্রুত মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, “প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, পারিবারিক অভিমান থেকে তিনি আত্মহত্যা করে থাকতে পারেন।” তিনি আরও জানান, খবর পেয়ে পুলিশ লাশ উদ্ধার করে নিজেদের হেফাজতে নেয়। পরে পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় থানায় একটি অপমৃত্যু মামলা রুজু করে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

স্থানীয় ইউপি সদস্য সিরাজুল ইসলাম জানান, পরিবারের সদস্যরা তাকে নিজ ঘরে গলায় ফাঁস দেওয়া অবস্থায় দেখতে পান।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় নিহত

কৃষকের পরিবারকে সরকারি সহায়তা প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী কিবরিয়া ফিলিং স্টেশনের সামনে সড়ক দুর্ঘটনায় নিহত কৃষক আওরঙ্গজেবের পরিবারকে সরকারি সহায়তা প্রদান করা হয়েছে।

মঙ্গলবার (২১ এপ্রিল) দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস নিহতের বাড়িতে গিয়ে তার স্ত্রী রাশিদা খাতুন ও ছেলে সেলিমের হাতে নগদ ২৫ হাজার টাকা ও খাদ্যসামগ্রী তুলে দেন।

এর আগে সোমবার (২০ এপ্রিল) ডিজেল নিয়ে ফেরার পথে বেপরোয়া গতির একটি ট্রাকের ধাক্কায় গুরুতর আহত হন আওরঙ্গজেব। পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান এবং তাদের পাশে থাকার আশ্বাস দেন।
সহায়তা প্রদানকালে তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদুল ইসলামসহ স্থানীয় ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

গাংনীতে বিদেশে পাঠানো নিয়ে দ্বন্দ্বে তিন নারীকে পিটিয়ে আহতের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামে বিদেশে পাঠানোকে কেন্দ্র করে দ্বন্দ্বে এক বৃদ্ধাসহ তিন নারীকে পিটিয়ে আহত করার অভিযোগ উঠেছে অনিকুল ইসলাম ও তার ছেলে ইমনের বিরুদ্ধে। মঙ্গলবার সকালে এ হামলার ঘটনা ঘটে।

আহতরা হলেন সাবিনা বেগম (৭০), সাকের আলীর স্ত্রী হিরা খাতুন (৪৫)

এবং আবির হাসানের স্ত্রী রুম্পা খাতুন (২২)। তারা সবাই গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

আহতদের অভিযোগ, বাথানপাড়ার অনিকুল ইসলামের ছেলে ইমনকে বিদেশে পাঠানোর জন্য সাকের আলীর জামাই, সিঙ্গাপুর প্রবাসী আরেফিন হোসেনের কাছে ৫ লাখ ৭০ হাজার টাকা দেওয়া হয়। পরে ইমনকে বিদেশে পাঠানো সম্ভব না হওয়ায় স্থানীয়ভাবে সালিশের মাধ্যমে ২ লাখ টাকা কমিয়ে ৩ লাখ ১০ হাজার টাকা ফেরত দেওয়ার সিদ্ধান্ত হয় এবং সেই টাকা অনিকুল ও ইমন বুঝে নেন।

তবে মীমাংসার পরও অনিকুল ও তার ছেলে ইমন আরেফিন হোসেনকে খুঁজতে থাকেন। তাকে না পেয়ে তারা আরেফিনের বৃদ্ধা নানী-শাশুড়ি সাবিনা বেগম, শাশুড়ি হিরা খাতুন এবং শ্যালকের স্ত্রী রুম্পা খাতুনকে লাঠি দিয়ে মারধর করেন বলে অভিযোগ করা হয়েছে।
এ ঘটনায় গাংনী থানায় ভুক্তভোগী পরিবারের পক্ষ থেকে একটি লিখিত অভিযোগ দেওয়া হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস বলেন, “অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

মেহেরপুরে বিদ্যালয় ভিত্তিক বার্ষিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ধারাবাহিকভাবে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে।

এর অংশ হিসেবে মঙ্গলবার (২১ এপ্রিল) সকাল ১০টায় মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে “বিদ্যালয়ভিত্তিক বার্ষিক পরিকল্পনা সভা” অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছা. হালিমা

খাতুন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ কমিটির আমঝুপি ইউনিয়ন সভাপতি মাওলানা কাজী রুহুল আমিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক ও বিদ্যালয়ের পিটিএ সভাপতি মো. বারেক আলী। এছাড়া সভায় বক্তব্য দেন ওয়াচ কমিটির সদস্যবৃন্দ ও বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা।

গণসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ সভার আয়োজন করে। সভায় বিদ্যালয়ের আগামী এক বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) প্রোগ্রাম ম্যানেজার মোছা. কাজল রেখা বার্ষিক পরিকল্পনার বিভিন্ন দিক তুলে ধরে বলেন, বিদ্যালয়ভিত্তিক পরিকল্পনার মাধ্যমে শিক্ষার মান উন্নয়নে ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রোগ্রাম অফিসার চাঁদতারা সূর্য।

আধুনিক পদ্ধতিতে হাইব্রিড ধান চাষ: মেহেরপুরে ব্র্যাক সিডের কৃষক কর্মশালা

কৃষি প্রযুক্তির প্রসার ও উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে মেহেরপুরে দিনব্যাপী কৃষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ব্র্যাক সিড অ্যান্ড এগ্রো এন্টারপ্রাইজের উদ্যোগে এ কর্মশালার আয়োজন করা হয়।

মেহেরপুর সদর উপজেলা মডেল মসজিদের ট্রেনিং রুমে আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. এমদাদুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কৃষিবিদ মো. কামরুল হাসান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্র্যাকের মেহেরপুর জেলা সমন্বয়ক শেখ মনিরুল হুদা।

কর্মশালায় আমন মৌসুমে ব্র্যাক সিডের উন্নত হাইব্রিড ধানের আধুনিক চাষাবাদ পদ্ধতি ও কলাকৌশল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, “দেশের খাদ্য ঘাটতি মোকাবিলা এবং স্বল্প জমিতে অধিক ফলন পেতে আধুনিক প্রযুক্তি ও উচ্চ ফলনশীল জাতের কোনো বিকল্প নেই।”

দিনব্যাপী এই কর্মশালায় ৫০ জন নির্বাচিত কৃষককে হাইব্রিড ধান উৎপাদন পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মশালা শেষে অংশগ্রহণকারী কৃষকদের মাঝে ব্র্যাক হাইব্রিড-১০ জাতের ধানের বীজ বিতরণ করা হয়।

এছাড়া অনুষ্ঠানে ব্র্যাক সিড ডিলার মো. ফকরুল ইসলাম ও মো. আব্দুর রহমান উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধান ও পরিচালনা করেন ব্র্যাকের সিনিয়র টেরিটরি সেলস অফিসার মো. আশরাফুল ইসলাম ও গোলাম কিবরিয়া।

গাংনীতে বিএনপি নেতাকে গুলির ঘটনায় মামলা, গ্রেফতার ১

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের বিএনপি নেতা মুকুল হোসেনকে গুলি করে হত্যাচেষ্টার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। তার মেয়ে স্বর্ণালী সাবনম বাদী হয়ে মামলাটি দায়ের করেন।

মামলা নম্বর ৩১, তারিখ ২০ এপ্রিল ২০২৬। মামলায় এজাহারভুক্ত তিনজনসহ অজ্ঞাত আরও ১০-১২ জনকে আসামি করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, মামলার প্রধান আসামি স্থানীয় আওয়ামী লীগ নেতা ও সাহারবাটি বাজারের ওয়ার্কশপ মালিক আতাউর রহমান টোকনকে গ্রেফতার করা হয়েছে। অন্যান্য আসামিদের গ্রেফতার ও

আগ্নেয়াস্ত্র উদ্ধারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

এদিকে হামলাকারীদের গ্রেফতারের দাবিতে মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা চত্বরে বিক্ষোভ মিছিল করেছে বিএনপির নেতাকর্মীরা।

গাংনী পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক ইমন হোসেনের নেতৃত্বে মিছিলটি অনুষ্ঠিত হয়। এতে আরও উপস্থিত ছিলেন পৌর জাসাসের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, যুবদল নেতা সাহিবুল ইসলামসহ অন্যান্য নেতাকর্মীরা।

উল্লেখ্য, সাহারবাটি ইউনিয়ন বিএনপির ক্রীড়া সম্পাদক মুকুল হোসেনকে সোমবার ভোরে কাথুলি সড়কের সাহারবাটি ও ভাটপাড়ার মাঝামাঝি কাশেম মোড় এলাকায় গুলি করে দুর্বৃত্তরা। তাকে লক্ষ্য করে পাঁচটি গুলি ছোড়া হলে চারটি গুলি তার শরীরে বিদ্ধ হয়।

গুরুতর আহত অবস্থায় প্রথমে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়।

সেখানে অস্ত্রোপচার করে পিঠের দুটি গুলি বের করা সম্ভব না হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসাধীন রয়েছেন।

মেহেরপুরে এসএসসি ও সমমান পরীক্ষা শুরু, ১৬ কেন্দ্রে অংশ নিচ্ছে ৮৩১৩ পরীক্ষার্থী

সারা দেশের ন্যায় আজ মঙ্গলবার মেহেরপুরেও শুরু হয়েছে এসএসসি ও সমমান পরীক্ষা। যশোর শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল এবং কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা একযোগে শুরু হয়েছে।

এবার মেহেরপুর জেলার তিনটি উপজেলার ১৬টি কেন্দ্রে মোট ৮ হাজার ৩১৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে এসএসসি (জেনারেল) শাখায়

৬ হাজার ২০৬ জন, দাখিলে ১ হাজার ২৩৭ জন এবং ভোকেশনাল শাখায় ৮৭০ জন পরীক্ষার্থী রয়েছে।

জেলার বিভিন্ন কেন্দ্রভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যা হলো-মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৯৮৮ জন, মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ে ৭৫৩ জন, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে ৪৫৩ জন, গাংনী পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে ৪৫৭ জন, বামুন্দী নিশিপুর স্কুল অ্যান্ড কলেজে ৬৫৬ জন, গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ৬৫৯ জন, বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ৪৬৮ জন, বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে ৫৮৪ জন, রায়পুর মাধ্যমিক বিদ্যালয়ে ৪৭২ জন, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ৪৮৮ জন, দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয়ে ২৮৮ জন, মেহেরপুর দারুল উলুম আহমদিয়া ফাজিল মাদ্রাসায় ৪৭২ জন, গাংনী সিদ্দিকিয়া সিনিয়র মাদ্রাসায় ৭৬৫ জন, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজে ৩৭১ জন, দাঙ্গী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে (ভেন্যু: সন্ধানী স্কুল অ্যান্ড কলেজ) ২৪৮ জন এবং মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজে ২৫১ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণে প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের নবাগত জেলা প্রশাসকের সঙ্গে মতবিনিময়

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে নবাগত জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট শিল্পী রানী রায়ের সঙ্গে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (২০ এপ্রিল) সকাল ১১টায় উপজেলা পরিষদ হল রুমে এ সভা অনুষ্ঠিত হয়। সদর উপজেলার নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক

ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট শিল্পী রানী রায়।

মতবিনিময় সভায় উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, জুলাই যোদ্ধা, রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, সাংবাদিক, শিক্ষক-শিক্ষার্থী, ব্যবসায়ী, ধর্মীয় নেতা এবং সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সভায় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, মাদক একটি ভয়াবহ সামাজিক ব্যাধি, যা সমাজ ও তরুণ প্রজন্মকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে। তিনি মাদক নির্মূলে সকলকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান এবং প্রশাসনের পক্ষ থেকে কঠোর অবস্থানের কথা জানান। মাদকবিরোধী অভিযান আরও জোরদার করা হবে বলেও তিনি উল্লেখ করেন।

তিনি আরও বলেন, “মাদকমুক্ত সমাজ গড়তে প্রশাসন একা নয়, সকল শ্রেণি-পেশার মানুষের সহযোগিতা প্রয়োজন। সচেতনতা বৃদ্ধি এবং সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে সবাইকে এগিয়ে আসতে হবে।”

সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম বলেন, “ডিজিটাল যুগে তথ্যপ্রযুক্তির সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে। গুজব, ভুয়া তথ্য এবং অনলাইন আসক্তি থেকে দূরে থাকতে সবাইকে সচেতন হতে হবে।”

সভায় অংশগ্রহণকারীরা বিভিন্ন সমস্যা, সম্ভাবনা ও উন্নয়ন বিষয়ক মতামত তুলে ধরেন। জেলা প্রশাসক উপস্থিত সবার বক্তব্য মনোযোগ সহকারে শোনেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজের কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ উপলক্ষে পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২০ এপ্রিল) সকাল ১০টায় বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক শিল্পী রানী রায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থপ্রতিম শীল।

মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মিসেস রেহানা ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক খন্দকার বদরুদ্দোজা (শান্ত), শিক্ষিকা সেলিনা আফরোজা, নাজমা আক্তার, ফাতেমা খাতুন, শাহানা আক্তার, বিথী খাতুন, শাহিনা আফরোজ, রওশন আরা সহ শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ।

অনুষ্ঠানে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী কৃতি শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় এবং পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। প্রধান অতিথি শিল্পী রানী রায় শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চা শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তিনি বিদ্যালয় কর্তৃপক্ষের এমন উদ্যোগকে সাধুবাদ জানান।

সভাপতি রেহানা ইয়াসমিন অনুষ্ঠান সফল করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও শিক্ষার্থীদের মেধা ও মনন বিকাশে বিদ্যালয়ের এ ধরনের আয়োজন অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

অনুষ্ঠানটি শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি করেছে বলে জানা গেছে।

সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ দম্পত্তির আয়কর নথি জব্দ

সাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী ফরহাদ হোসেন ও তার স্ত্রী সৈয়দা মোনালিসা ইসলাম এবং বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এটিএম বিভাগের কার্টোগ্রাফার মো. আব্দুস সোবহানের

আয়কর নথি জব্দের আদেশ দিয়েছেন আদালত।

সোমবার (২০ এপ্রিল) দুর্নীতি দমন কমিশনের পৃথক তিনটি আবেদনের প্রেক্ষিতে ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ মো সাব্বির ফয়েজের আদালত এই আদেশ দেন।

সাবেক সংসদ সদস্য ফরহাদ হোসেন ও তার স্ত্রীর আয়কর নথি জব্দ চেয়ে আবেদন করেন দুদকের সহকারী পরিচালক খোরশেদ আলম। এছাড়া আব্দুস সোবহানের আয়কর নথি জব্দের আবেদন করেন সহকারী পরিচালক মো. মাহবুব মোর্শেদ।

ফরহাদ হোসেনের আয়কর নথি জব্দের আবেদনে বলা হয়, আসামির বিরুদ্ধে অসাধু উপায়ে অর্জিত এবং অসৎ উদ্দেশ্যে নিজ স্বার্থে আর্থিকভাবে লাভবান হওয়ার জন্য সরকারের দায়িত্বশীল পদে থেকে ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে অবৈধ উপায়ে জ্ঞাত আয়ের উৎসের সঙ্গে অসঙ্গতিপূর্ণ এক কোটি ১১ লাখ ৮৬ হাজার ২৫২ টাকা মূল্যের সম্পদ অর্জন করে ভোগদখলে রাখার অভিযোগ রয়েছে।

এ ছাড়া তার নিজ নামে ১২টি ব্যাংক হিসাবে মোট জমার পরিমাণ ৬ কোটি ৫৪ লাখ ৫৬ হাজার ৪৭১ টাকা ও মোট উত্তোলনের পরিমাণ ৬ কোটি ৩৫ লাখ ৬৮ হাজার ৯৯৬ টাকার অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের অভিযোগ রয়েছে।

এসব অভিযোগে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪, ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইন এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইনে শাস্তিযোগ্য অপরাধে মামলাটি দায়ের করা হয়। মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে তার মূল আয়কর নথির স্থায়ী অংশ ও বিবিধ অংশসহ সংশ্লিষ্ট যাবতীয় রেকর্ডপত্র/তথ্যাদি জব্দ করা একান্ত প্রয়োজন।

ফরহাদ হোসেনের স্ত্রী মোনালিসা ইসলামের আয়কর নথি জব্দের আবেদনে বলা হয়, তাদের বিরুদ্ধে একে অপরের সহযোগিতায় অসৎ উদ্দেশ্যে নিজ স্বার্থে আর্থিকভাবে লাভবান হওয়ার জন্য তার স্বামী ফরহাদ হোসেনের ক্ষমতার অপব্যবহার করে প্রভাব ও আর্থিক সহায়তায় জ্ঞাত আয়ের উৎসের সঙ্গে অসঙ্গতিপূর্ণ ৯৪ কোটি ৫ লাখ ৯৩২ টাকা মূল্যের স্থাবর ও অস্থাবর সম্পদ অর্জন করে ভোগদখলে রাখার অভিযোগ রয়েছে।

এ অভিযোগে দুর্নীতি দমন কমিশন আইন এবং দণ্ডবিধি শাস্তিযোগ্য অপরাধে মামলা করা হয়। মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে আসামি সৈয়দা মোনালিসা ইসলামের নামীয় মূল আয়কর নথির স্থায়ী অংশ ও বিবিধ

অংশসহ সংশ্লিষ্ট যাবতীয় রেকর্ডপত্র/তথ্যাদি জব্দ করা প্রয়োজন।

আব্দুস সোবহানের আয়কর নথি জব্দের আবেদনে বলা হয়, জ্ঞাত আয়বহির্ভূত এক কোটি ১০ লাখ ২৪০ টাকা ৮৯ পয়সা মূল্যের সম্পদ অর্জন করে তা দখলে রাখা এবং ৫৯ লাখ ৯০ হাজার ১৫৫ টাকা ৮৯ পয়সা মূল্যের সম্পদের তথ্য অসৎ উদ্দেশ্যে গোপন করার অভিযগে মামলা দায়ের করা হয়। মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে মো. আব্দুস সোবহানের নামে পরিচালিত আয়কর নথি জব্দ করা একান্ত প্রয়োজন।

সূত্র: কালবেলা।